

## মেহেরপুর পৌরসভা কার্যালয়, মেহেরপুর।

### ৫নং ওয়ার্ড সমন্বয় কমিটির (WC) সভা

সভাপতি : জনাব জাফর ইকবাল কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।  
স্থান : কাউন্সিলর সাহেবের নিজস্ব বাসভবন, কাশ্যবপাড়া ০৫নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা।  
সভার তারিখ : বিকাল ৩.০০ ঘটিকা -১১/১২/২০১৯খ্রিঃ।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্য ও সহায়ক কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ওয়ার্ডের চলমান উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে আলোচনা করেন। সভাপতি মহোদয় WC র সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি জ্ঞাত করেন যে ওয়ার্ড সমন্বয় কমিটি আইন দ্বারা স্বীকৃত একটি কমিটি। প্রতি তিন মাস পর পর ওয়ার্ডের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করার জন্য আমরা একত্রিত হয় নিয়মিত। নিয়মিত পৌর কর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগীতা করার জন্য তিনি সদস্যদের অনুরোধ করেন।

#### আলোচ্যসূচীঃ

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন প্রসংগে।
- ২। চক্রপাড়ায় বস্তির কাজ করন প্রসংগে।
- ৩। সড়ক বাতি সচল রাখা সম্পর্কে আলোচনা।
- ৪। বিবিধ।

ক্রঃনং	আলোচ্য সূচী	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
০১	বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন	সদস্য সচিব আলোচ্য সূচীর উপর আলোচনা করেন। তিনি পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ আলোচনা ও অনুমোদন গ্রহন করেন।	TLCC র সভার মাধ্যমে মাসিক মিটিং এ উপস্থাপন করে পর্যায়ক্রম সমস্যা সমূহ সমাধানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সচিব
০২	৫নং ওয়ার্ডের চক্রপাড়ায় বস্তির কাজ সম্পর্কে আলোচনা।	আলোচ্য সূচীর উপর আলোচনা করেন সদস্য সচিব, মেহেরপুর পৌরসভা। তিনি বলেন আপনার এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার দায়িত্ব আপনার। পৌরবাসীর উন্নয়ন ও সেবার মান নিশ্চিত করতে আপনারা যদি নিয়মিত পৌর কর পরিশোধ না করেন তবে পৌরসভা পরিচালনা করা কষ্টকর হবে। সদস্য জনাব মোঃ মোঃ নুরুল ইসলাম বস্তির কাজ দ্রুত শেষ করার জন্য এবং চক্রপাড়ায় বৃষ্টি ও অন্যান্য পানি বাহির হওয়ার কোন ব্যবস্থা না থাকায় উহা দ্রুত সমাধান করার জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ জানান।	ওয়ার্ডের পরিষ্কার পরিচ্ছন্নতা, সড়ক বাতি, পানি ও স্যানিটেশন সমস্যা সমাধানের ব্যাপারে TLCCর সভায় সুপারিশ করা হয়।	সচিব
০৩	ওয়ার্ডের সড়ক বাতি সচল রাখা সম্পর্কে আলোচনা।	আলোচ্য সূচীর উপর আলোচনা করেন সদস্য সচিব, মেহেরপুর পৌরসভা। তিনি সকলকে সালাম ও শুভেচ্ছা জানান এবং পৌর কর এবং ব্যবসায়িক ফি পরিশোধ সম্পর্কে আলোচনা করেন। সদস্য জনাব মোছাঃ পিনজিরা খাতুন পল্লীবিদ্রুং প্যাড়ায় দুইটা বালু রাগানের জন্য অনুরোধ জানান।	শহর সমন্বয় কমিটি এবং পৌর পরিষদে আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে সমস্যা সমূহ সমাধানের সুপারিশ করা হয়।	সচিব

		সভাপতিকে ।		
০৪	বিবিধ	আলোচনায় সচিব মেহেরপুর পৌরসভার নিরাপদ অভিবাসন সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন বিদেশ যাওয়ার আগে ভালো করে জেনে বুঝে সঠিক নিয়ম অনুসরণ করে বৈধ পথে বিদেশ গমনের ব্যাপারে সকলকে সচেতন হতে হবে।		

সহ-সভাপতি সকল সদস্যকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানান। নিয়মিত পৌরকর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগিতা করার সুযোগ করে দিতে সদস্যদের অনুরোধ করেন। তাদের সমস্যা গুলো পৌর পরিষদে আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে সমাধানের চেষ্টা করবেন বলে সদস্যদের আশ্বস্ত করেন।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় তিনি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



( জাফর ইকবাল )  
সভাপতি(WC)

ও

৫নং ওয়ার্ড কাউন্সিলর  
মেহেরপুর পৌরসভা।

মেহেরপুর পৌরসভা কার্যালয়  
মেহেরপুর।

পরিশিষ্ট-ক

সভার তারিখ : ১১/১২/২০১৯, সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা

সভার স্থান : কাউন্সিলর

সাহেবের নিজস্ব বাসভবন।

৫নং ওয়ার্ড কমিটির উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষর

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোছাঃ শিউলী আক্তার	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	শিউলী
২	জনাব মোঃ ইউসুফ	বেড়পাড়া, মেহেরপুর।	ইউসুফ
৩	জনাব মোছাঃ লতিফুলেছা	সাবেক কাউন্সিলর	
৪	জনাব মোঃ বসির	দিঘিরপাড়া, মেহেরপুর।	বসির
৫	জনাব মোছাঃ পিনজিরা খাতুন	দিঘিরপাড়া, মেহেরপুর।	পিনজিরা
৬	জনাব মোছাঃ আফরোজা খাতুন	দিঘিরপাড়া, মেহেরপুর।	আফরোজা খাতুন
৭	জনাব মোঃ নুরুল ইসলাম	ওয়াপদা সড়ক, মেহেরপুর।	নুরুল ইসলাম
৮	জনাব মোঃ সবুজ আলী	দিঘিরপাড়া, মেহেরপুর	সবুজ
৯	জনাব মোঃ মাজেদুল হক	উপ-সহকারী প্রকৌশলী	মাজেদুল হক
১০	জনাব, জাফর ইকবাল	কাউন্সিলর ও সভাপতি	জাফর